

©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



ম্যানড্রেক কোথায়?
সান্ধ্য ভ্রমণে বেরিয়েছে মনে হচ্ছে।
একা চুপচাপ দাঁড়িয়ে! কী যেন ভাবছে। এত চিন্তা কীসের?
সদাই কেমন বিমর্ষ ভাব।
ও তো এমন মুখ গোমড়া করে থাকে না! কী যে হল ওর বুঝছি না।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



এই সিনেমাটা খুব মজার।
ক্লিক্
হ্যাঁ। কী যেন বললে তুমি?
ম্যানড্রেক, তোমাকে এত অন্যমনস্ক কখনও দেখিনি। কী সমস্যা খুলে বলো।
বলেই ফেলি। মনটা একটু হাল্কা হবে।
12-17
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



অপরাধ জগতের সঙ্গে লড়াইয়ে আমার অস্ত্র হল জাদুবিদ্যা।
সম্প্রতি দেখছি সম্মোহন শক্তি প্রয়োগে বেশ সমস্যা হচ্ছে।
নার্দা, এমন সমস্যা আগে কখনও হয়নি। ভাবছি, অজ্ঞাত কোনও শক্তি কি ক্ষমতা কেড়ে নিচ্ছে আমার?
?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


অপরাধীদের সঙ্গে সংগ্রামের জাদুশক্তি কি হারিয়ে ফেললাম?
আমি জানি না, কী করব?
আমি জানি
তুমি জাদু কলেজে তোমার বাবা থেরনের সঙ্গে অবিলম্বে যোগাযোগ করো। উনিই উপায় বাতলে দেবেন।
ঠিক বলেছ নার্দা। তাই করি।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


একা ঘরে স্ফটিক কিউবের সামনে মনঃসংযোগরত ম্যানড্রেক...
আমি ম্যানড্রেক বলছি!
জাদু কলেজে থেরনকে চাইছি। উত্তর দিন।
বিশ্বের আর এক প্রান্ত থেকে উত্তর এল...
এটা জাদু কলেজ। তোমার বার্তা পেলাম।
এ তো বাবার গলা নয়!
12-20
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


জানাডু থেকে ম্যানড্রেক...
ম্যানড্রেক বলছি...
চাইছি বাবা থেরনকে...
বিশ্বের এক প্রান্ত থেকে...
টেলিপ্যাথিতে বার্তা যাচ্ছে বহু দূরে...
ম্যানড্রেক, দুঃখের সঙ্গে জানাচ্ছি আপাতত...
থেরন এখানে নেই।
?
12-22
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেক , আমি কিলো বলছি...
থেরন বাইরে গিয়েছেন। এখন দায়িত্বে আমিই...
বাবা কবে নাগাদ ফিরবেন ?
নির্দিষ্টভাবে কিছু বলে তো যাননি।
12-23
©2003 by King Features Syndicate, Inc. World rights reserved.


ফিলো খুব সমস্যায় পড়েছি। সম্মোহন-শক্তি বেশিক্ষণ খাটাতে পারছি না আমি।
এমন সমস্যায় আগে কখনও পড়িনি। তাই চিন্তায় আছি।
12-24
মাননীয় থেরন এমন আশঙ্কাই করছিলেন।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


তোমার জাদুশক্তি ঝালাই করার পরামর্শ দিয়ে গিয়েছেন থেরন।
12-25
ঝালাই! মানে?
নবীকরণ আর কি। কম্পিউটার যেমন আপডেট করা হয় হরবখত।
ওই কাজটা করানোর জন্য তোমাকে জাদু কলেজেই আসতে হবে। অন্য উপায় কিছু নেই।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



যত শীঘ্র আসবে ততই ভাল। জাদুশক্তি নবীকরণ ঝটপট হয়ে যাবে।
বেশ তাই হবে। আমি তবে শীঘ্রই যাচ্ছি জাদু কলেজে।
FALK & BARRETO 12-26
ভাল কথা। ম্যানড্রেক, এখানে নতুন একজন এসেছে। বলছে চেনে তোমাকে।
!
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.




©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


বিমানে জাদু কলেজের উদ্দেশে রওনা দিল ম্যানড্রেক...
ফিলো বলছে আমার জাদুশক্তির নবীকরণ ঘটানো দরকার।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
বাবা নেই। তবে পদ্ধতিটা ফিলো নিশ্চয়ই জানে।
কিন্তু বাবা গেলেন কোথায়? আর জাদু কলেজে সেই নতুন অতিথিই বা কে, যে আমাকে চেনে?



দীর্ঘ বিমানযাত্রার শেষে নামল ম্যানড্রেক...
দুঃখিত ম্যানড্রেক, একটাও গাড়ি নেই।
ভাড়া গাড়ি মিলবে
আগে জানলে গাড়ি রেখে দিতাম।
আসলে এত হুটপাটি করে বেরিয়েছি।
ঘোড়ায় চেপে চলে যাই। কতটাই বা রাস্তা।
আগেকার দিনে তো লোকে ঘোড়াতেই যেত।
কিন্তু এখন ওই পথটা নিরাপদ নয় ম্যানড্রেক। সাবধান।


তোমায় ঘোড়া ধার দেওয়াটা অবশ্য আমার সৌভাগ্য।
কিন্তু আবার বলে দিচ্ছি, ওই পথে ডাকাত-লুঠেরারা লুকিয়ে থাকে।
!
কাল সকালে বরং বেরিও। সঙ্গে পুলিশ রক্ষীর ব্যবস্থা করে দেব।
তোমার প্রস্তাবটা ভালই। কিন্তু দেরি করা চলবে না আমার।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


পথ তো জনশূন্য।
এখনও কোনও দস্যুর দেখা পাইনি।
ভালয় ভালয় পেরিয়ে যেতে পারি যেন।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


জাদু কলেজ যেতে অর্ধেক রাস্তা পেরিয়েছি। বাকি এখনও অর্ধেক।
এ যেন অদ্ভুত এক দেশ। মনটা উদাস হয়ে যায়।
!!
1-2
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


লোকটা মাটিতে পড়ে কেন?
FALK & FREDERICKS 1-3
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
কোনও সাহায্য লাগবে?
হ্যাঁ। টাকাকড়ি কী আছে ঝটপট তুলে দাও আমার হাতে।
বিপদ


পথে পড়ে থাকা পথিককে সাহায্য করতে গিয়ে বিপত্তি...
ওটা আমার ভান, হেঃ হেঃ।
!
আমার কাছে টাকা আছে বুঝলে কী করে?
কোতো বাবুরা কেউ এ পথ মাড়ায় না। মানিব্যাগটা দাও আগে...
তারপর জাদু কলেজের পথটা দেখাও।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


টাকা যদি তোমার হাতে না দিই আমি?
তবে তোমাকে গুলি করে কেড়ে নেব।
কিন্তু তুমি কি নিজের পায়ে গুলি করতে চাও নাকি?
1-6
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


আরে! নিজেকে গুলি করবে কেন?
মোটেও তা করব না আমি।
সম্মোহন করল ম্যানড্রেক...
বলছ বটে, কিন্তু তাগ করছ নিজের পায়ে।
by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেকের জাদুলীলা..
তুমি গুলি চালালে তা বিঁধবে তোমারই পায়ে, বুঝলে দস্যু।
আমি বারজাক। আমার গুলি কখনও ফস্কায় না, বুঝলে।
বেশ চালাও, দেখি তোমার এলেম।
তোমার ওই ফালতু জাদু দিয়ে আমাকে বিভ্রান্ত করার চেষ্টা কোর না।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
1-8


আমি তো দেখছি তুমি একেবারে অপদার্থ। গুন্ডামির পেশা বদলাও তুমি।
?
দস্যু বারজাক সঙ্গীদের ডাকল...
আরে কোথায় তোমরা। জলদি এসো।
কোনও দয়া দেখিও না ওকে।
1-9
JHARGRAMDEVIL
©2009 by King Syndicate, Inc. World rights reserved.


ঘোড়ায় ছুটে এল দস্যু দল...
1-10
এতজনকে একসঙ্গে সম্মোহন করতে পারব কি?
ফের সম্মোহন ম্যানড্রেকের...
যাক পেরেছি।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর



দস্যুরা ম্যানড্রেককে আক্রমণে উদ্যত...
সম্মোহন করছে ম্যানড্রেক...
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
কী যে করতে চাও তোমরা বুঝছি না।
1-12




©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেকের মায়াজাল মিলিয়ে যাচ্ছে...
আরে ঠিকই তো আছে সব কিছু। তবে কী দেখলাম এতক্ষণ?
?
গাধার দল। জাদুকরের ভেল্কিতে ভুলেছ তোমরা।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
প্রতিশোধ চাই।
চলো আমার সঙ্গে।
ওকে চোখে চোখে রাখো। কিন্তু কিছু কোর না। একটা...
মতলব ভেঁজেছি।


শহরে ওরা ঠিকই বলেছিল। জাদু কলেজে যাওয়ার রাস্তাটা দস্যুতে ভর্তি।
কপাল ভাল এ দফায় উদ্ধার পেয়েছি।
কিন্তু এখন কী করছে ওরা?
1-15
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


ওই লোকটা জাদু কলেজের দিকে চলেছে।
আর কোথায়ই বা যাবে ও।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
বারজাক মনে আছে, ঠিক এখানেই আর এক জাদুকরের পাল্লায় পড়েছিলাম।
সে আর ভুলি। মনে সেই জ্বালা পুষে রেখেছি আমি। সুযোগ পেলেই...


জাদু কলেজের দোরগোড়ায় ম্যানড্রেক, জানে না তার পিছনেই সদলে বারজাক...
কী যেন আওড়াল লোকটা, সরে গেল ঢাউস পাথরটা।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
ওই লোকটা তো ভিতরে ঢুকে গেল দেখছি।
আমরা কী করব বারজাক?
অপেক্ষা করে থাকব। কেউ না কেউ তো বেরোবেই এক সময়। আর তখনই...
1-17
অতঃপর


ম্যানড্রেকের সঙ্কেতমন্ত্রে সরে গেল ফটক আটকানো বড় পাথরটা। ও ভিতরে ঢুকল...
জাদুশিক্ষা কলেজ
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
1-19
থেরন না থাকায় কিলোই কলেজে ভারপ্রাপ্ত প্রধান এখন...
স্বাগতম ম্যানড্রেক।
বাইরে বড় পাথরটার আড়ালে লুকিয়ে দস্যুরা...
এখন শুধু দেখে যাও।


এ হল পোরিটা। জাদুশক্তি নবীকরণে বিশেষজ্ঞ।
একেবারেই যন্ত্রণাহীন পদ্ধতি। নিমেষে বহুগুণ বাড়িয়ে দেবে তোমার জাদুশক্তি।
নবীকরণটা কাল সকালে হবে, কেমন।
মরেছে। ম্যানড্রেক এখানে। এটাই আশঙ্কা করছিলাম।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


পোরিটা শুধু যে অসাধারণ জাদুকর তা নয়, জাদু কলেজে সেরা শিক্ষকদের অন্যতম।
বিশেষ করে জাদুশক্তি নবীকরণ ঘটানোর ক্ষমতায় ওর দক্ষতা প্রশ্নাতীত।
হ্যাঁ, কী যেন বলছিলে তুমি?
এখানে নবাগত ব্যক্তিটি কোথায়? যে নাকি আমায় চেনে?
!
1-21
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


আরে! লোকটা গেল কোথায়? একটু আগে তো এখানেই ছিল।
ওর নামটা কী যেন?
সেটা ঠিক জানি না।
আমি তো ওকে ‘এই যে’ বলে ডাকি। ও তাতেই সাড়া দেয়।
কিন্তু ‘এই যে’ তো কারও নাম হতে পারে না।


আমি তো এমন নাম কস্মিনকালে শুনিনি।
ও নাকি তোমাকে ভালই চেনে।
লোকটা এসেছে কোথা থেকে?
কে জানে। থেরন যাওয়ার পরদিন ও এসেছে এখানে।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
ও জাদুর ছাত্র না প্রশিক্ষক সেটাও জানি না।
!
গ্র্যান্ডমাস্টার থেরন ফিরে এলে সব জানতে পারব। তবে থেরন ফিরবেন কবে সেটাও কেউ জানে না।
1-23


রাতে খাওয়াদাওয়ার পর ম্যানড্রেক গেল থেরনের কক্ষের সামনে...
বাবার ঘর ফাঁকা। টেলিপ্যাথি করে দেখি ওঁর সঙ্গে মানসিক সংযোগ হয় কিনা।
ম্যানড্রেকের ষষ্ঠেন্দ্রিয় বলছে, ঘরটা শূন্য নয়...
মনে হচ্ছে কেউ আছে।
ভিতরে কে আছ?
এলেবেলে একজন। চলে যাচ্ছি। আলো জ্বালানোর দরকার নেই।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
ভিতরে কে?


জাদু কলেজে থেরনের ঘরের সামনে...
ভিতরে নির্ঘাত কেউ আছে!
থেরন না থাকলে এ ঘরে কারও ঢোকার অধিকার নেই।
দুঃখিত। ভুল করে ঢুকে পড়েছিলাম। চলে যাচ্ছি এক্ষুনি।
গলাটা চেনা চেনা ঠেকছে আমার! কণ্ঠটা পরিচিত!
1-26
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.



তোমার গলাটা চেনা চেনা ঠেকছে। কে তুমি?
1-27
কী বলছি, শুনতে পাচ্ছ?
আলোটা জ্বালিয়ে দিল ম্যানড্রেক...
কেউ নেই দেখছি! দরজা আটকে আমি দাঁড়িয়েছিলাম। কোথা দিয়ে গেল?
THARGRANDEVIL
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


ঘরে যে-ই থাক, পালিয়ে নিশ্চয়ই বেশি দূর যেতে পারেনি।
কিলো, এই ঘর থেকে কাউকে বেরোতে দেখেছ তুমি?
না তো। তবে একটু আগে যে লোকটা তোমায় চেনে, সে গেল।
সে নাকি তোমাকেই খুঁজছিল।
!
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


তোমাকে বলেছি না, লোকটা নাকি তোমাকে ভালই চেনে।
হয়তো লোকটাকে আমি অন্য নামে চিনি। ওকে দেখতে কেমন?
খুব লম্বা নয়, আবার বেঁটেও নয়। দেখলেই বুঝবে তুমি।
তোমরা দুজন নাকি পুরনো বন্ধু। মুখোমুখি দেখলে চিনতে পারবে।
হুম্। চিনতেই তো চাইছি আমি।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


পরদিন। ম্যানড্রেকের জাদুশক্তির নবীকরণ হবে...
শান্ত হয়ে বোসো ম্যানড্রেক।
পোরিতা, ব্যাপারটা কতক্ষণ লাগবে?
হয়ে গেল তো।
?
1-30
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


এক সেকেন্ডে হয়ে গেল? আর এ জন্য হাজার মাইল দূর থেকে উড়ে এলাম! স্রেফ কপালে হাতের খেলা?
1-31
ম্যানড্রেক, ওই কাজের এটাই একমাত্র পদ্ধতি।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
তুমি এখন পূর্ণ জাদুক্ষমতাসম্পন্ন। ঠিক যেমন বহু দিন আগে জাদুবিদ্যায় স্নাতক হয়ে যেদিন এ কলেজ থেকে বেরিয়েছিলে, তেমন।
আসাটা তা হলে সার্থক বলছ।
!
কিন্তু রহস্যময় সেই লোকটা কে, যে নাকি চেনে ম্যানড্রেককে?


জাদু কলেজে ম্যানড্রেক ও ফিলো...
ভিতরে যখন তোমার জাদুশক্তি নবীকরণ চলছিল তখন তো সেই লোকটা এখানেই ছিল!
2-2
কে এই রহস্যময় ব্যক্তি?
কিন্তু এখন তো আর তাকে দেখতে পাচ্ছি না!
গেল কোথায় সে?
লোকটা কি আমাকে এড়িয়ে যেতে চাইছে?
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেক, কী করবে এ বার?
২-৩
ফিলো, ভাবছি জানাড়ুতেই ফিরে যাই।
ধুত্তেরি। কেউই তো বেরোচ্ছে না!
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.




©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


অদ্ভুত তো লোকটা। বলছে তোমাকে চেনে, অথচ এখনও দেখাই করল না।
জানি না ও জাদুর ছাত্র, নাকি শিক্ষক!
FALK & FREDERICKS
2-5
জাদু কলেজে ছাত্র-শিক্ষক, সকলেরই অবাধ প্রবেশদ্বার।
জাদু কলেজে ছাত্র-শিক্ষক, সকলেরই অবাধ প্রবেশদ্বার।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


বাইরে জাদু কলেজ ঘিরে দস্যুদল। বড় পাথরটার আড়ালে ঘাপটি মেরে...
ধৈর্য ধরে অপেক্ষা করো। উপযুক্ত সময়ে ঝাঁপিয়ে পড়ব।
ম্যানড্রেক ঘুরছে। কিন্তু তার ষষ্ঠেন্দ্রিয় সজাগ...
কেউ আড়াল থেকে নজর রাখছে। আমার সেই ‘বন্ধু’ নাকি
FALK & FREDERICKS
2-6
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


ওই ঝোপের আড়াল থেকে কেউ দেখছে আমাকে!
সম্মোহনের আশ্রয় নিল ম্যানড্রেক...
জাদুর মায়াজালে নিজেকে ‘অদৃশ্য’ করে তুলল ম্যানড্রেক।
এ বার দেখি কী হয়?
!
2-7
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
জাদুকৌশল



কেউ নজর রাখছে আন্দাজ করে ম্যানড্রেক 'অদৃশ্য' রূপ ধারণ করল...
2-9
কায়ারূপ একদিকে, আর অদৃশ্য মূর্তি অন্যদিকে...
ওইদিকে যাচ্ছে ম্যানড্রেক।
আর আড়ালে থাকার দরকার নেই।
!
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


এই লোকটাই আড়াল থেকে দেখছিল আমাকে।
ওর একেবারে সামনে গিয়ে দাঁড়াই বরং।
2-10
ঝট করে অদৃশ্য রূপ ছেড়ে দৃশ্যমান হল ম্যানড্রেক...
আরে ম্যানড্রেক যে! একেবারে চমকে দিয়েছ আমাকে। কোথা থেকে এলে?
তুমি!
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


এখানে এরা তোমার উল্লেখ করছিল ‘এই যে’ বলে।
তোমার সঙ্গে পরিচয় সেই ‘কালহীন’ পর্যটনকালে, মনে পড়ে?
কতদিন পরে আবার আমারা মুখোমুখি হলাম, দারুণ লাগছে।
হুম! আমাদের আবার সাক্ষাৎ ঘটিয়ে দিল জাদু কলেজই।
২-১১
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.



বিচিত্র পর্যটক, যার সফর কখনও সুদূর অতীতে, কখনও অনাগত ভবিষ্যতে...
ম্যানড্রেক, আমার কালসীমায় খাবার খেতে হয় না, গোটা কয়েক পিলই যথেষ্ট।
অবশ্য পড়তে পড়তে সেদিন একুশ শতকীয় কিছু সুখাদ্যের সন্ধান পেলাম।
কল টিপে চলে গেলাম হালের প্যারিসে। কিন্তু কিছু একটা গড়বড় ঘটল...
আইফেল টাওয়ারটা গেল কোথায়?
2-12
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


যন্ত্র অনুসারে আমি কিন্তু তখন মূল প্যারিসে...
কোনও শহরতলিতে নয়।
কালাতীত সফরের যন্ত্রটা বোধহয় বিগড়েছিল।
কারণ, আমি দেখলাম জনশূন্য এক রিক্ত প্রান্তর। দূরে একটা লোক...
!
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
2-13



মশাই শুনছেন? আমি নতুন লোক। আমি এখন কোথায় বলতে পারেন?
বিপদের মাঝে।
লোকটা কিন্তু ঠিকই বলেছিল।
তারপর কী ঘটল পর্যটক?
FALK & FREDERICKS 2-14
©2003 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


কখনও সুদূর অতীতে, কখনও অনাগত ভবিষ্যতে সফররত 'কালহীন পর্যটক ও ম্যানড্রেক ফের মুখোমুখি...
আমি তখন বিভ্রান্ত!
ভবিষ্যৎকাল থেকে তুমি অকস্মাৎ এসে পড়লে দস্যুর মুখে?
হ্যাঁ। ওদের জিজ্ঞাসা করলাম, কোথায় এসে পড়েছি আমি? লোকটা বলল...
ওই সামনে দেখা যাচ্ছে জাদু কলেজ।
ফটকের সামনে একটা জগদ্দল পাথর।
2-16
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


তুমি এমন ভান করছ যেন কিছুই জানো না জায়গাটা সম্পর্কে। চালাকি যত!
পর্যটক বলে চলেছে...
তুমি হয় প্রচণ্ড ধনী, নয় তো কোনও জাদুকর।
মালকড়ি ছাড়ো এ বার।
যেখান থেকে এসেছি সেখানে টাকাকড়ি বলে কিছু নেই।
ও সব উল্টোপাল্টা কথা বলে আমাকে ভুলোতে পারবে না। বাঁচতে চাইলে সঙ্গে দামি যা আছে দাও চটপট।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
2-17




©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


নিজেকে বাঁচাতে আমি তখন হরিণের মতো দৌড়চ্ছি জাদু কলেজের দিকে।
কিন্তু প্রাধান প্রবেশমুখেই ওই বিশাল পাথরয়
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
ওই পাথর সরিয়ে কী করে ভিতরে ঢুকব ভেবেই পাচ্ছিলাম না। প্রণপণে চেঁচালাম...
জাদু কলেজে কে আছ?
দোহাই আমাকে ঢুকতে দাও।
2-19


নির্দিষ্ট সংকেতমন্ত্র ছাড়া ফটকের মুখে ওই পাথরটা সরানো যায় না।
হ্যাঁ, আমিও সেটাই দেখলাম।
ততক্ষণে দস্যুরাও পিছু পিছু চলে এসেছে। সময় খুব কম...
তাই নিজের বিদ্যা প্রয়োগ করে জাদু কলেজের মুখে ওই পাথরে একটা গর্ত করে নিলাম।
?!
2-20
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.



পর্যটক বলে চলেছে...
বারজাক, ও যে পাথরে গর্ত খুঁড়ে ফেলল নিমেষে!
2-21
আর গর্তের মধ্য দিয়েই ভিতরে সেঁধিয়ে গেল। যাঃ বাবা।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
আরে! গর্তটা আবার যে ভরাট হয়ে গেল দেখছি! অদ্ভুত কাণ্ড!
ব্যাটা নির্ঘাৎ জাদুকরই। কিন্তু তা হলে দৌড়ে পালাচ্ছিলই বা কেন? যাই হোক নজর রাখতে হবে।
এরপর: জাদু কলেজের ভিতরে কী অবস্থা?


পর্যটক বলে চলেছে তার কাহিনি...
তস্করদের হাত থেকে বাঁচতে ওই পাথরের মধ্যে গর্ত খুঁড়ে নিলাম।
2-23
by King Features Syndicate, Inc. World rights reserved.
তারপর সেই গর্তের মধ্যে হামাগুড়ি দিতে দিতে...
নমস্কার! এটাই সেই জাদু কলেজ তো?
!


তু-তুমি কোথা দিয়ে এলে?
ওই গর্তের মধ্য দিয়ে।
আরে, গর্ত উধাও!
2-24
দারুণ তো! এমন অদ্ভুত জাদু আগে কখনও দেখিনি।
বাজিকর, জাদু কলেজ স্বাগত জানাচ্ছে তোমাকে।
©2009 by King Features



বলে চলেছে পর্যটক...
জাদুর এমন কৌশল একজনকেই প্রদর্শন করতে দেখেছি আগে...সে হল জাদুকর ম্যানড্রেক।
ম্যানড্রেককে চেনো নাকি তুমি? সে তো আমারও বন্ধু।
তাই নাকি! আচ্ছা এ বার বলো, তুমি জাদুর শিক্ষক না শিক্ষার্থী?
ইয়ে কী যে বলি। আমি শিক্ষক-শিক্ষার্থী দুটোই।
FALK & DAVIS
2-25
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


আমি ফিলো। গ্র্যান্ডমাস্টার থেরনের অনুপস্থিতিতে আমিই কলেজের দায়িত্ব সামলাচ্ছি।
উনি যাওয়ার আগে তোমার আসার কথাটা বলতে নিশ্চয়ই ভুলে গিয়েছেন।
তবে উনি এখন না থাকলেও তুমি সঙ্কোচ কোরো না। মনে করো নিজের বাড়িতেই এসে
অনেক ধন্যবাদ। আচ্ছা, এখানে খাওয়ার সময়টা কখন?
2-26
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved




by King Features Syndicate, Inc. World rights reserved


FALK & BARRETO
2-24
ম্যানড্রেক, এখানকার খাওয়া-দাওয়াটা কিন্তু জব্বর!
পর্যটক, তুমি তোমার আগের অনেক কথাই বললে বটে...
কিন্তু আমি এখানে আসার পর থেকেই কেবলই আমাকে এড়িয়ে চলছিলে...
?
কেন?
অতঃপর, কারণটা কী?
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


জাদু কলেজে ম্যানড্রেক ও বিচিত্র ঘটক...
বলে রাখি, থেরনের ঘরে তখন যে ছিল সে লোকটা আমি
একটু পেটুক আছি আমি। একটা ফ্রাই খাচ্ছিলাম সবার আড়ালে। বিশেষ রশ্মিতে গর্ত করেই ঢুকি ওখানে
আগে ওই সূক্ষ্ম যন্ত্রটা টর্চের মতো দেখতে ছিল। এখন আরও ছোট হয়ে হাতঘড়ির মাপে।
দারুণ যন্ত্র বটে। কিন্তু আমার প্রশ্নের উত্তর এখনও পাইনি।
3-2


জাদু কলেজে ম্যানড্রেক ও বিচিত্র ঘটক...
বলে রাখি, থেরনের ঘরে তখন যে ছিল সে লোকটা আমি
একটু পেটুক আছি আমি। একটা ফ্রাই খাচ্ছিলাম সবার আড়ালে। বিশেষ রশ্মিতে গর্ত করেই ঢুকি ওখানে।
আগে ওই সূক্ষ্ম যন্ত্রটা টর্চের মতো দেখতে ছিল। এখন আরও ছোট হয়ে হাতঘড়ির মাপে।
দারুণ যন্ত্র বটে। কিন্তু আমার প্রশ্নের উত্তর এখনও পাইনি।
3-2


সুখাদ্যের টানে যখনই আমি ‘বর্তমানে’ আসি, দেখেছি, তোমার মুখে পড়ে যাই।
আর তারপরই মহাকাশরক্ষিণী আমায় ঠেলে পাঠায় ৬০০৯ সালে।
তোমার কাছাকাছি থাকলেই তোমার ‘ভাবতরঙ্গ’ দেখে আমার হদিশ পেয়ে যায় রক্ষিণী।
!
আমার ক্ষেত্রে তুমি বাপু ‘অপয়া’।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


তা হলে ম্যানড্রেক, অবশেষে তোমার পুরোনো সেই বন্ধু 'এই যে'-র সাক্ষাৎ পেলে?
আগে ওকে কিন্তু চিনতাম পর্যটক হিসাবেই!
পোরিটা, লোকটা সম্পর্কে তোমার অভিমত কী?
দারুণ লোক। এমন চিত্তাকর্ষক মানুষ আগে কখনও দেখিনি।
!
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2009 by King Features Syndicate, Inc. Wor reserved.




জাদু কলেজের ভিতরে...
তুমি বলতে চাও বাইরে দস্যুরা লুকিয়ে আছে?
সে তো নতুন কিছু নয় ম্যানড্রেক...
এই জায়গাটা দখল করার মতলব ওদের বহুদিনের। কারণটা তো জানো।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


যে জায়গার উপরে এই জাদু কলেজ, তার ঠিক নিচেই আছে হিরের খনি। দস্যুরা আগেও দখলের চেষ্টা করেছে...
কিন্তু প্রধান ফটকে জগদ্দল ওই পাথরটাই বাঁচাচ্ছে কলেজকে।
ওরা মাঝেমধ্যেই আসে, আবার ব্যর্থ হয়ে ফিরে যায়। এ বারেও বোধহয় চলে গিয়েছে।
FALK & FREDERICKS
3-10
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেকের মুখ দেখলেই আমি ঝামেলায় পড়ি, কথাটা বলতেই হল ওকে।
আরে ওই তো এসে গিয়েছে আমার প্রেরণার নারী।
শুভ সন্ধ্যা পোরিটা।
‘এই যে’, নাকি ‘পর্যটক’, তোমায় দেখলেই মন ভাল হয়ে যায় আমার, বুঝলে।
3-11
© by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেক তোমায় পর্যটক বলে ডাকে কেন?
সে অনেক কথা। পরে বলব।
এখন ডাইনিং হলে চলো। ডিনারটা একসঙ্গে সারি দু'জনে।
তোমার এই জায়গাটা একঘেয়ে লাগছে না?
আমি তো হাঁফিয়ে উঠেছি একেবারে।
!
by King Features Syndicate, Inc. World rights reserved.


জাদু-জাদু-জাদু। ২৪ ঘণ্টা ওই এক জিনিস। ধ্যাৎ!
প্রাণ ওষ্ঠাগত হয়ে উঠেছে।
চলো তো। অন্যদের নজর এড়িয়ে একটু শহর থেকে ঘুরে আসি বরং দু'জনে।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.




©2003 by King Features Syndicate, Inc. World rights reserved.



জাদু কলেজের ডাইনিং হলে ম্যানড্রেক...
হুম্।
খাওয়া ছেড়ে কোথায় গেল পেটুক পর্যটক! আশ্চর্য!
পোরিটা, বাইরে খাওয়াটা কিন্তু ঝুঁকির হয়ে যাবে!
কিচ্ছু হবে না। চলো পর্যটক, জলদি।
3-16
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved


পোরিটা, খাওয়াটা সেরে বেরোলে ভাল হত না?
না। ওরা সকলে খেতে ব্যস্ত। কাটার এটাই সময়।
তোমার সেই খেলটা দেখাও। পাথরে গর্ত করো, আর সেটার মধ্য দিয়ে বাইরের জগতে পা বাড়াই দুজনে।
!
3-17
©2009 by King Features Syndicate Inc. World rights reserved.


জলদি পর্যটক। বাইরে কত মজা। তর সইছে না আমার।
কাজটা ঠিক হচ্ছে না...
আরে! নিমেষে গর্ত করে ফেললে!
এ বার হামাগুড়ি দিয়ে আমাদের বাইরে বেরোতে হবে।
তুমিই আগে যাও।
3-18
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


বাইরে দস্যুগুলো ঘাপটি মেরে নেই তো?
ধুর, ওরা নির্ঘাত চলে গিয়েছে।
তাড়াতাড়ি করো পোরিটা, গর্তটা এখনই বুঁজে যাবে।
3-19
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


হামাগুড়ি দিয়ে এগিয়ে এসো তুমি।
হাতটা ধরো আমার।
গলাটা অন্য রকম শোনাচ্ছে কেন?
3-20
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


হাতটা ধরার জন্য ধন্যবাদ পর্যটক।
স্বাগত সুন্দরী।
3·21
তবে আমরা পর্যটক নই।
বিপদ।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


জাদু কলেজের বাইরে...
তা হলে আবার দেখা হল!
!
বড় পাথরটায় গোল গর্তটা দেখছি এখনও আছে।
গর্তটা বন্ধ হওয়ার আগেই ঢুকে পড়ো ভেতরে।
ইস, আমারই দোষে দস্যুরা জাদু কলেজে ঢুকে পড়বে এ বার। ছি ছি!
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


হঠাৎই মিলিয়ে গেল গর্তটা...
৩-২৫
জীবনের নিয়মেই শূন্যতা এক এক সময় পূর্ণ হয়ে যায়, বুঝলে।
কাব্যি রাখো। ওটায় গর্ত করো আবার।
না বারজাক। ওই কাজ আর হবে না আমাকে দিয়ে। দুঃখিত।
by King Features Syndicate, Inc. World rights reserved


তোমরা কেন ভেতরে ঢুকতে চাইছ জানি আমি।
জাদু কলেজের নীচেই হিরের ভাণ্ডার। সেটা লুঠ করতে।
তোমার সঙ্গিনীও কি জাদুকর?
হ্যাঁ। একেবারে প্রথম শ্রেণির জাদুকর ইনি।
3-26
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved


পোরিটা, আমি শুধু একটা খেলাই জানি, বড় পাথর বা দেওয়াল ফুটো করতে।
কিন্তু এই বিপদ কাটানোর ক্ষমতা নেই আমার। তুমিই ভরসা।
ধুর। আমার দৌড় তাসের খেলা পর্যন্ত।
3-27
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved



©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.



কলেজের প্রেক্ষাগৃহে বক্তৃতা শুরু করল ফিলো...
ম্যানড্রেক তখন পর্যটক ও পোরিটাকে খুঁজে বেড়াচ্ছে...
ওরা বাইরে বেরিয়ে যে দস্যুর কবলে, তা কেউই জানে না...
!
শেষবারের মতে বলছি, জলদি গর্ত করো পাথরে, নইলে...
3·30
©2004 by King Features Syndicate, Inc. World rights reserved.


না পর্যটক। তুমি পাথরটায় গর্ত করে দিলেই দস্যুরা হিরে লুঠতে ঢুকে পড়বে কলেজে।
বারজাক, ওই গর্তটা করে দিলে ছেড়ে দেবে তো আমাদের?
অবশ্যই।
আমার কথার নড়চড় হয় না, মুখ দেখে বুঝছ না!
3-31
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


কলেজ ফাঁকা। সবাই ফিলোর বক্তৃতা শুনতে গিয়েছে।..
শুধু দেখা নেই পর্যটক ও পোরিটার। কোথায় যে গেল ওরা?
একজন মেয়েটাকে চোখে চোখে রাখো। বাকিরা আমার সঙ্গে চলো।
তোমরা দাঁড়াও। আমি পরীক্ষাটা চালাই।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


এই তো বেশ বড় গর্ত হয়েছে। জলদি চলো সবাই।
বারজাক, এ বার আমরা মুক্ত তো?
মোটেই না। আমার সঙ্গে চলো তুমি।
4-2
by King Features Syndicate, Inc. World rights reserved.


ভেল্কিবাজ বুড়ো, তুমি সবার আগে—
4-3
ভেবেছিলে মুক্তি পেয়েই কলেজে সকলকে সতর্ক করে দেবে।
সেটি হচ্ছে না।
কোথায় হিরে মিলবে সেটা তুমিই দেখিয়ে দেবে আমাদের, বুঝলে।
হায় রে, এই সঙ্কটে ম্যানড্রেক যদি পাশে থাকত!
©2009 by King Features Syndicate Inc. World rights reserved.


এই দস্যুটার নজর এড়িয়ে যদি পালাতে পারতাম!
ব্যাটা সমানে আমার দিকেই তাকিয়ে। কিছু বলতে চায় কি?
ইয়ে...তুমি তাসের খেলা জানো নাকি?
?!
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর



বারজাক ও অন্য দস্যুরা হিরের খনির সন্ধানে ...
বারজাক, এ দিকে।
হুম্ !
সন্ধান পেলে নাকি?
না, এ অন্য জিনিস।
বাইরে পোরিটা তখন পালানোর ছুতো খুঁজছে...
লোকটাকে বোকা বানাতে হবে।
ও কথার উত্তর দাও। তাসের খেলা জানো তুমি?
4-6
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


বারজাক দ্যাখো, জাদু কলেজের সব লোকই ওখানে।
কিলোর বক্তৃতা শুনতে।
খুব ভাল। ওরা বক্তৃতা শুনুক, আমরা হিরের সন্ধান করি ততক্ষণ।
4-7
তাসের খেলা জানি আমি। কিন্তু তাস আমার কাছে নেই।
আমার আছে।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


একটা তাস নাও। আমাকে দেখাবে না।
এ বার কী করব।
আর একটা তাস নাও। দু'টো তাসের দিকে তাকিয়েই থাকো।
ধুর , এ কেমন খেলা!
শেষটা দারুণ, এখনই টের পাবে।
4-8
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.



এক মনে তাকিয়ে থাকো তাসের দিকে—এক, দুই ...
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
ধুত্তেরি। আর কত দেখব?
এ বার অদ্ভুত ব্যাপার ঘটবে একটা।
ধ্রাম্


বারজাক, মনে হচ্ছে এটাই
হিরের খনি যাওয়ার পথ।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
তখন অন্য দিকে...
পর্যটক ও পোরিটাকে জাদু কলেজের কোথাও তো পেলাম না। তা হলে ওরা নির্ঘাত বক্তৃতা শুনতেই গিয়েছে।
হলের ভিতরেই দেখি।
4-10



জ্ঞান হারিয়েছে ব্যাটা। এ বার কলেজে ঢুকে সকলকে সতর্ক করে দিই বরং।
কিন্তু পাথরে হর্তটা বুঁজে গিয়েছে। ঢুকি কী করে?
যে গুপ্তমন্ত্রে পাথরটা সরে যায় সেটাও তো আমি জানি না। কী করি?
FALK & BARRETO 4-11
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


মনে হচ্ছে বালজাকরা সদলে হিরের খনিতে ঢুকে লুঠপাট চালাচ্ছে।
লুণ্ঠনের আনন্দে দস্যুরা মাতোয়ারা। সেই সুযোগে...
4/16
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
আরে কীসের আওয়াজ?
ধ্রাম
বালজাক, কেউ আমাদের বন্ধ করে দিল।


আরে কে তুমি? কোথা থেকে এলে?
পর্যটক বলে কেউ এসেছে এখানে? তুমি চেনো তাকে?
4-17
আমি ও ম্যানড্রেক দু'জনেই মনে করি দারুণ লোক ওই পর্যটক।
তা হলে চেনো তাকে। কোথায় সে?
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.



© 2009 by King Features Syndicate, Inc. World rights reserved


খনির একমাত্র প্রবেশমুখের দরজা আটকে দিয়েছে ম্যানড্রেক...
দস্যুরা আটক এখন।
কাজটা সহজেই করা গেল।
ও দিকে বাইরে...
পর্যটককে কোথায় পাবে, তা আমি বলব কেন?
বলতে চাও না তো! বেশ আমিই ওকে খুঁজে নেব।
4-20
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


বারজাক, ওটাই একমাত্র দরজা। আমরা কিন্তু ফাঁদে বন্দি।
দরজা বন্ধ তো কী, এ লোকটাকে দিয়ে গর্ত করাব।
না, আর পারব না আমি।
পারবে না মানে! তোমার হাত মুচড়ে ভেঙে দেব।
উঃ! ছেড়ে দাও।
4-21
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেক বলছি...
মহাকাশ-দস্যুদের হাত থেকে বিশ্বকে রক্ষা করা বরং সহজ।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
কিন্তু অনেক কঠিন ধরিত্রীকে ভয়ানক পরিবেশ দূষণ থেকে বাঁচানো। এ কাজ সকলে মিলে করতে হবে।
4-22
এই বসুন্ধরাকে সবুজ রাখুন


আমি মহাকাশরক্ষিণী। পর্যটক যেখান থেকে এসেছে, ওকে সেখানে ফেরানোই আমার কাজ।
ও তা হলে অন্য গ্রহের মানুষ?
অন্য গ্রহ নয়, ভিন্ন কালের। সালটা ৬০০৯।
বুঝেছি, তোমার যত কেরামতি জাদুর নয়, তুমি গর্ত করো এই বেঢপ হাতঘড়িটার সাহায্যে।
ওটা নিও না। ঘড়িটার দাম পুরো শোধ হয়নি এখনও।
4-23
©2003 by King Features Syndicate, Inc. World rights reserved



কী ভাবে কাজ করে এটা?
সেটা তোমাকে বলব না।
বলবে না! বেশ, বোতাম টিপে আমিই দেয়ালে গর্ত করে নিচ্ছি।
যাঃ বাবা! নির্ঘাত ভুল বোতামে হাত পড়েছে।
আমি কিন্তু ওটা ঠিক করতে পারব না বাপু।
4-24
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved


ধুত্তেরি! কী করলে বলো তো!
আর একটা বোতাম টিপে দেখি।
ধ্রাম
4-25
বিস্ফোরণের আওয়াজ মনে হচ্ছে?
জাদু কলেজের মধ্যে কিছু হয়েছে! কিন্তু ঢুকব কী করে?
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
কী ঘটল?



©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.



জাদু কলেজের বাইরে...
কলেজে বিস্ফোরণ ঘটেছে!
সর্বনাশ, ম্যানড্রেক ও পর্যটক তো ওখানেই আছে!
নিশ্চয়ই ওর কিছু হয়নি। ও নিরাপদেই আছে।
কার কথা বলছে রক্ষিণী? পর্যটক না ম্যানড্রেক?
4-27
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2009 by King Features Syndicate, Inc. World rights reserved


শুধুমাত্র সংকেতমন্ত্রেই ওই বিশাল পাথরটা সরানো যায়।
মন্ত্রটা আমি ঠিক জানি না।
তবে আমার পদ্ধতিতেই পথ করে নিচ্ছি।
বারজাক, এ তো ম্যানড্রেক! চোট পেয়েছে বেচারি।
ছাড়ো তো! থাক পড়ে।
by King Features Syndicate, Inc. World rights reserved.



রক্ষিণী, এটাই হিরের খনির পথ।
জখম ম্যানড্রেককে সাহায্য করতেই হবে।
না, তুমি আমাদের সঙ্গে যাবে এখনই।
হিরে তো পেয়েছ। আবার আমাকে কী দরকার?
যদি প্রয়োজন হয় তোমাকে পণবন্দি করব। অবশ্য এখন আমাদের আর কে রুখবে? হেঃ হেঃ!
4-30
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


এই সেই বিখ্যাত জাদু কলেজ! কিন্তু লোকজন কাউকে দেখছি না!
সবাই তো বক্তৃতা শুনতে প্রেক্ষাগৃহে গিয়েছিল। দস্যুরা নির্ঘাত বন্দি করে রেখেছে সকলকে।
FALK & BARRERRS 5-1
এটাই সেই হিরের খনিতে ঢোকার দরজা। কিন্তু হিরে সব তো লুঠ হয়ে গেল।
দরজার মুখে কে একজন পড়ে। নড়ছে না!
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved


বিস্ফোরণে পড়ে যাই। জ্ঞান হারিয়েছিলাম। এখন অবশ্য অনেকটা সামলে উঠেছি।
এখন কেমন ম্যানড্রেক?
আরে মহাকাশ-রক্ষিণী! তোমার কথাই ভাবছিলাম।
এ মুহূর্তে দস্যুদের মোকাবিলায় তোমার সাহায্য চাই।
দুঃখিত ম্যানড্রেক। অতীতে সঙ্ঘটিত কোনও ঘটনায় কাল এড়িয়ে সাহায্য করা সম্ভব নয় আমার পক্ষে।
5-2
©2003 by King Features Syndicate, Inc. World rights reserved
অতঃপর


জাদু কলেজের ভিতরে...
আমি কোনও সাহায্য করতে পারব না।
আমরা ভবিষ্য কালসীমার ওপারে থাকি। তোমাদের বর্তমান আমাদের অতীতে। সেখানে হস্তক্ষেপ করতে পারি না আমরা।
এখানে এখন তোমরা যা ঘটতে দেখছ, আমাদের কাছে তা সুদূর অতীত।
ভয় পেয়ে তুমি এ সব কথা বলছ না তো?
5-4
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেক, হল থেকে ছাত্রদের বার করে আনতে পারলে কিছুটা সুবিধা হত।
তাতে দু' পক্ষে সরাসরি সংঘর্ষ বাধত। আর জখম হত নিরস্ত্র ছাত্ররাই।
না পোরিটা, দস্যুদের ঠেকাতে হবে আমাদেরই।
আমার ষষ্ঠেন্দ্রিয় বলছে, দস্যুরা প্রধান ফটকের দিকে যাচ্ছে। পর্যটকও ওদের সঙ্গেই আছে।
5-5
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


মহাকাশ রক্ষিণী না ঝক্কিনী, ওর কোনও অধিকারই নেই পর্যটককে গ্রেফতার করার। এ দেশে কি আইন নেই!
আরে! মেয়েটা উধাও!
!
আমাদের সকলের পকেটই হিরেতে ভর্তি। এখান থেকে বেরোলেই সকলে ক্রোড়পতি বনে যাব। হেঃ হেঃ!
হিরে তো পেলাম সর্দার, কিন্তু আমার কেমন মনে হচ্ছে, কেউ পিছু নিয়েছে আমাদের।
5-6
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


হুম্, পিছনে কার পায়ের শব্দ!
নির্ঘাৎ আমাকে উদ্ধার করতে আসছে ম্যানড্রেক ও পোরিটা।
কে আবার পিছু নেবে? গুলি করে উড়িয়ে দেব।
পর্যটক, অন্য কালে প্রবেশের দায়ে তোমাকে গ্রেফতার করছি।
মরেছে, এখানেও হাজির!
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


এত ঝামেলা পোয়ালাম, তার পরও গ্রেফতারি?
কে এই গোঁয়ার মেয়েটা?
চোপ্ উজবুক! যে কাল থেকে পর্যটক এসেছে সেখানেই ওকে ফেরত নিয়ে যাচ্ছি আমি।
5-8
কোথায় যাবে? আগে আমাদের 'কাজ' শেষ হোক। লক্ষ্মী হয়ে থাকলে পরে তোমায় ছেড়ে দেব।
এ আশ্বাস অবশ্য ডাহা মিথ্যে।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


দস্যুদের কবলে পর্যটকের সঙ্গে মহাকাশরক্ষিণীও...
ফের ম্যানড্রেক এবং ঝামেলা...
ওর সঙ্গ করলেই তুমি ঠিক টের পেয়ে যাও। আর ফেরত নিয়ে যাও আমাকে।
তুমি ধরা পড়ো পেটুক বলে। এখনও খাদ্য-বড়িতে অভ্যস্ত হতে পারলে না।
ছাড়ো ও সব কথা। এখন ম্যানড্রেক ও পোরিটার জীবন বিপন্ন।
5-11
©2003 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


আড়াল থেকে আমরা বেরোলেই ওরা দেখতে পাবে।
আমরা থেমে যাব তা হলে?
5-14
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved
বারজাককে খবর দাও, ওরা এসে গিয়েছে।
মহাজাগতিক আইন অনুসারে অতীতে সঙ্ঘটিত ঘটনায় হস্তক্ষেপ নিষেধ...
আর সে জন্যই ম্যানড্রেক ও পোরিটার এই বিপদেও নির্বিকার মহাকাশরক্ষিণী...


ওই যে ওরা...
চালাও গুলি!
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


গুলিতে একেবারে ঝাঁঝরা করে দিয়েছি।
ইস! ছি! ছি!
FALK & BARRETO 5-16
ওদের মারার ইচ্ছা ছিল না। কিন্তু না মারলে আমরাই ফেঁসে যেতাম।
ব্যস! আর কোনও বাধাই নেই।
বাধা সরেনি বাপু। এ দিকে তাকাও।
!
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
কী আশ্চর্য!


বারজাকের দল গুলি চালাল ম্যানড্রেক-পোরিটাকে মারতে...
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
কিন্তু ম্যানড্রেকের মায়াজালে তাদের চেষ্টা সফল হল না...
পোরিটা, এরা কেউই দেখছি গুলি চালাতে শেখেনি। ছ্যাঃ!
নেহাতই আনাড়ি।
?!!?


সাবাশ ম্যানড্রেক। তুমি গুলি আটকালে কী করে?
"ওরা গুলি চালাবে আঁচ করে আমাদের ছায়ামুর্তিকে সামনে ঠেলে দিই।"
কিন্তু বারবার এ কৌশল খাটবে না বন্ধু। যে দিকে পারো, দৌড়ে পালাও।
5-13
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


বারজাক, এ বার আত্মসমর্পণ করো।
কোন দুঃখে ম্যানড্রেক? আমাদের সকলের পকেটই হিরেতে বোঝাই। হেঃ হেঃ!
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
তোমরা ক'বার ঠেকাবে আমাদের। পরের বার আর বন্দুকের গুলি লক্ষ্যভ্রষ্ট হবে না।
5-20
বেশ। দেখা যাক।
লক্ষ্য স্থির করো।


গুলির আদেশ দিল বারজাক...
চালাও গুলি।
মনে হচ্ছে, গুলিই নেই তোমাদের
ক্লিক! ক্লিক! ক্লিক!
হতেই পারে না। সব ক'টা গুলি ভরা।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved
ফের ম্যানড্রেকের জাদু...
আরে, কার্তুজগুলো ওখানে পড়ে?
এটা কী করে সম্ভব?
সেটাই এ বার ভেবে দ্যাখো।
5-21


ওগুলোই তোমাদের গুলি তো?
হ্যাঁ, মানে চুরি করা মাল।
ও, তাই এত গরম।
বাপ রে! হাতে ছ্যাঁকা লাগছে।
বারজাক, আত্মসমর্পণ করো।
কিছুতেই না।
5-22
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেকের .মায়াজালে দস্যুরা বিভ্রান্ত। ওরা ভাবছে, বন্দুকগুলো তেতে আগুন...
গেছি রে!
উফ্‌স !
5-25
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
বারজাক ছোরা মারতে এগোচ্ছিল। এখন দেখছে সেটা নিরীহ চামচ।
ম্যানড্রেক দারুণ ভাবে ঠেকিয়ে রাখছে ওদের। কিন্তু এ ভাবে কতক্ষণ পারবে বেচারি।


বারজাক তোমাদের বন্দুকগুলো তো ফাঁকা।
অন্তত তাই ভাবছে ওরা।
5-26
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
এ বার আত্মসমর্পণ করো তোমরা।
THARGRAMYDEVIL
ম্যানড্রেক, তুমি সবাইকে ভড়কে দিচ্ছ তো! এ বার তোমাকেও ভড়কে দেওয়ার ব্যবস্থা করছি আমি।
?


এই ঘড়ির মতো যন্ত্রটা পর্যটকের কাছ থেকে কেড়ে নিয়েছি। এ বার এটার সাহায্যে জব্বর খেলা দেখাব আমি।
5-27
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
এটা দিয়ে মুহূর্তের মধ্যে পাথরে ফুটো করা যায়, ভারী দরজা উড়িয়ে দেওয়া যায়।
আরও কত কী যে করা যায় এটার সাহায্যে।
?


ম্যানড্রেক সাবধান!
ম্যানড্রেক এটা তোমার দিকে তাগ করি এ বার...
5-28
তারপর ছোট্ট বোতামটা টিপে দিই...
এ বার নিজেই দ্যাখো কী ঘটে!
হাঃ! হাঃ! হাঃ!
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


পালাও ম্যানড্রেক।
পালানোর আর সময় নেই। বেচারি!
ফস্কে গেল! বেশ, আর একটা বোতাম টিপে দেখি।
যাচ্চলে! কিছুই তো ঘটল না। অন্য আর একটা টিপে পরখ করা যাক।
5-29
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


সে বার এই বোতামটা টিপতেই ভারী দরজাটা উড়ে গিয়েছিল।
এ বার দেখি, তুমি উড়ে যাও কিনা।
পর্যটক, মহাকাশরক্ষিণীকে কিছু একটা করতে বলো, দোহাই।
রক্ষিণী তো নির্বিকার। আরে গেল কোথায় সে?
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


বারজাকের আক্রমণ এড়ানোর চেষ্টা করে যাচ্ছে ম্যানড্রেক...
হেঃ হেঃ। এ বারে আর রেহাই নেই তোমার...
আর বেশিক্ষণ পারবে না তুমি।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


বারজাক, আমাদের প্রত্যেকের জেবই হিরেয় ঠাসা।
দেওয়ালে একটা গর্ত করো চটপট, বুঝলে।
চোপ্।
কী করতে হবে আমি জানি।
ছি ছি! আমিই দায়ী এ জন্য।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
63


জাদু দিয়ে ওই রশ্মি ঠেকানো যাবে না।
জলদি ছায়ার আড়ালে লুকোতে হবে।
হঠাৎ চোখ ধাঁধানো আলোর ঝলকানি...
কোথায় লুকোবে এ বার তুমি।
তোমার বাঁচার সব রাস্তাই বন্ধ।
6-4
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


রশ্মির সামনে ম্যানড্রেকের অসহায়তা দেখে হাসছে দস্যুরা...
ওর দম এ বার শেষ।
6-5
ম্যানড্রেক যে মরতে বসেছে!
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেক মাটিতে পড়ে। এগিয়ে আসছে বারজাক...
অনেক সময় নষ্ট করেছ তুমি।
এ বার কাছ থেকে...
টিপব বোতাম। খেল শেষ।
অতঃপর
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


বারজাকের হাতে মারণরশ্মি।
প্রাণসংশয় ম্যানড্রেকের...
FALK & FREDERICKS 6-8
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
ওই বোতামটা টিপলেই ম্যানড্রেক শেষ।
বোতামটা টিপছি। তোমার খেল এ বার খতম জাদুকর।


গ্রাম্
ইস! এ ভাবে মৃত্যু ঘটল ম্যানড্রেকের!
মরিনি আমি।
!!


আমি মরিনি বারজাক।
6·10
তোমার হাতের ওই ঘড়ির মতো যন্ত্রটাই বরং উড়ে গেল।
হ্যাঁ! বোতাম টিপতেই ওটা ফেটে গেল।
কী যে হল!
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.



পর্যটক, এখানে এসে ফালতু ঝামেলায় জড়িয়ে অনেক সময় নষ্ট হল...
এ বার ৬০০৯ সালে ফেরার জন্য তৈরি হও।
অত তাড়া দিও না বাপু। কতকগুলো প্রশ্নের উত্তর দাও আগে।
বড্ড বাড়াবাড়ি করছ তুমি পর্যটক। জানো না, এত কথা বলা ঠিক হচ্ছে না তোমার।
?
6-11
©2004 by King Features Syndicate, Inc. World rights reserved.


বিস্ফোরণের সময় তুমি ঠিক কোথায় ছিলে?
যেখানেই থাকি, তাতে তোমার কী?
আমি দেখেছি, তুমি হেলমেটটা খুলে পিছনে ছিলে।
বড্ড চেপে বসেছিল মাথায়।
হেলমেটটা আসলে কম্পিউটার। ওটার নড়াচড়ায় ওভারলোড হয়ে ফেটে যায় ঘড়ির মতো যন্ত্রটা।
6-12
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved



যা বুঝছি, হেলমেটটা নড়ানোয় রশ্মি বিকিরণকারী যন্ত্রটায় শর্ট সার্কিট ঘটে। তাতেই ঘটে বিস্ফোরণ।
যাই হোক, মেয়েটার জন্যই বাঁচল ম্যানড্রেক।
কিন্তু সব বিপদ কি কাটল?
বারজাক, গুদামঘরের মধ্যে এটা পেয়েছি।
চমৎকার! এ বার আমাদের ঠেকায় কে!
6-13
JHARGRAMDEVIL
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
নয়া বিপদ


জাদু কলেজের ভিতরে...
পর্যটক তুমি বলতে চাও, মহাকাশ রক্ষিণীর হেলমেটের কারণেই শর্ট সার্কিট হয়ে বিস্ফোরণটা ঘটেছে?
হ্যাঁ, আমার তো তাই মনে হচ্ছে।
ঘটনাচক্রে এ ক্ষেত্রে মহাকাশরক্ষিণীই তোমার জীবনদাত্রী হয়ে উঠেছিল ম্যানড্রেক। ও না চাইলেও।
ভবিষ্যকালের বিধিতে এ ক্ষেত্রে হস্তক্ষেপ কিন্তুঅপরাধ।
6-15
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


এ বার তো আমাদের বিদায় নেওয়ার পালা।
তার আগে লুঠ করা হিরেগুলো ফেরত দিয়ে যাও।
6-16
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
হেঃ হেঃ! ফেরত দেওয়ার প্রশ্নই ওঠে না।
তোমাদের ওই পুলিশ-ফুলিশ আসার আগেই লুঠ করা হিরে নিয়ে আমরা সটকাব।
তারপর ডেরায় গিয়ে উৎসব পালন।


শুনে রাখো বারজাক, হিরে নিয়ে যাওয়া হবে না তোমাদের।
কে আটকাবে আমাদের?
তুমি না ওই মেয়েটা? হেঃ হেঃ!
সত্যিই ওদের রোখা মুশকিল। যদিও জাদুর প্রভাবে ওরা ভাবছে, ওদের রাইফেলে গুলি নেই।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


এই গুলি-ছাড়া রাইফেল দিয়েই হটিয়ে দেব তোমাদের।
জাদুর প্রভাব এখনও কাটেনি।
তা ছাড়া সংখ্যাতেও তোমরা নেহাৎই তুচ্ছ।
কিন্তু ওই জগদ্দল পাথরটা? ওটা সরানোর সংকেতমন্ত্র তো জানো না তোমরা? কী করবে?
বিকল্প ব্যবস্থা করেছি।
6-18
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


এটা ভিতর থেকে উদ্ধার করেছে একজন।
এই ডিনামাইট ফাটিয়েই পথ করে নেব...
জাদু কলেজের দেওয়াল ভেঙে খুব সহজেই বেরিয়ে যাব আমরা। বুঝলে জাদুকর।
6-19
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


আমার হাতে এটা কী বলো? ডিনামাইট বলে মনে হচ্ছে?
!
ফের সম্মোহনের আশ্রয় নিল ম্যানড্রেক...
6-20
সলতেটায় আগুন ধরালাম।
করছ কী? সবাই মরে যাবে!
ম্যানড্রেকের জাদুতে জিনিসটা গেল বারজাকের হাতে...
তুমিই বরং ধরো এটা।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
সম্মোহন


ম্যানড্রেকের সম্মোহনে একেবারেই বিভ্রান্ত দস্যুসর্দার
ধুত্তেরি! ডিনামাইট স্টিকটা আমার হাতে এল কী করে?
বরং ওটা ছুড়ে ফেলে দাও তুমি।
এটা হাতে যে আঠার মতো সেঁটে যাচ্ছে।
তবে তো ঘোর বিপদ। এক্ষুনি বিস্ফোরণ ঘটবে বারজাক।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


জ্বলন্ত সলতেটা ছোট হয়ে আসছে।
দোহাই, কেউ জল ঢেলে এটা নেভাও।
দস্যুসর্দার, খুব তো তড়পাচ্ছিলে আমাদের ....
দ্যাখো কেমন লাগে।
6-23
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


সলতেটা নেভাতে প্রচুর জল ঢেলেছি বারজাক।
হ্যাঁ। কিন্তু এত জল যে ডুবে যাচ্ছি আমি। পকেটে হিরেগুলো তলিয়ে নিয়ে যাচ্ছে।
এ তো মহা মুশকিল। যেটাই করি, সেটাই তোমার কাছে সমস্যা হয়ে দাঁড়ায়।
6-24
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


আরে! জল আর নেই!
এত জল কোথায় গেল?
ম্যানড্রেকের সম্মোহন শেষ...
গর্দভের দল বুঝছ না, এ সব আসলে ম্যানড্রেকের ভেল্কিবাজি।
বার করছি ওর জাদুর খেলা। সবাই চারদিক থেকে ঘিরে ফ্যালো ওকে। দেখাচ্ছি মজা।
6-26
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.



সর্বনাশ। দস্যুরা চারদিক থেকে ম্যানড্রেককে ঘিরে ফেলছে।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
এমন অবস্থায় সকলকে তো সম্মোহন করতে পারবে না ম্যানড্রেক!
পর্যটক, কে বাঁচল মরল আর দেখতে হবে না। ফিরে চলো ৬০০৯ সালে।
এখন নয়।





তোমরা কিছু করবে না জানি। আমাকেই করতে হবে।
এ বার দেখাব শুধু ম্যানড্রেক নয়, জাদুবিদ্যা আমিও কিছু জানি।
6-27
তুমি তো নাকি তাসের খেলা ছাড়া আর কিছু জানো না।
?
হ্যাঁ। এখান থেকে একটা তাস তুলে নাও।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
তাসের খেলা


ম্যানড্রেককে বাঁচাতে এ বার জাদুর আশ্রয় নিল পোরিটা...
বারজাক, আমার খেল তো দেখেছ...
এ বার পোরিটার খেলাটা দ্যাখো।
হুঃ! এই মেয়েটা আবার কী খেলা দেখাবে?
একটা তাস তুলে নাও।
বেশ, তুলে নিচ্ছি আমি।
গোপনে ফের সম্মোহন করছে ম্যানড্রেক...
6-29
THARGRAMDEVIL
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


জব্বর খেল্। সবাই মন দিয়ে দ্যাখো।
এই তাসটা তুলছি।
বেশ। নিজে দেখে নাও, আমাকে কিন্তু দেখিও না।
এ বার হবে আসল মজা।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
6-30


বারজাক একটা তাস বেছে নিয়ে আলাদা রেখেছে। আমি দেখিনি। এ বার শাফল করছি।
বারজাক দ্যাখো তো এই তাসটাই তুলেছিলে তো?
বারজাক! আরে কোথায় তুমি?
আমার পাশেই তো দাঁড়িয়েছিল!
কিন্তু কোথায় গেল সে?
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


বারজাক কোথায় লুকোলে? বেরিয়ে এসো।
গেল কোথায়?
বুঝেছি, তাসের মধ্যে লুকিয়েছে।
ধুস! তা কী করে সম্ভব?
7-2
নিজের চোখেই দেখে নাও।
বারজাক!
!
©2009 by King Features Syndicate, Inc.
World rights reserved.



বারজাক কী 'চিজ' এ বার সকলে বুঝলে তো!
বাঁচাও।
7-3
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
তোমরাও যদি তাস হতে না চাও স্থির হয়ে থাকো।
!!!!
ম্যানড্রেকের জাদু


ম্যানড্রেকের সম্মোহনজালে আচ্ছন্ন দস্যুরা সকলেই পাথরের মতো স্থির হয়ে দাঁড়িয়ে...
সাবাস ম্যানড্রেক। অবশেষে আমরাই জিতলাম।
7-4
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
আদপে কি তাই?
মহাকাশরক্ষিণী, ফের বলছি আমি ৬০০৯ সালে ফেরত যেতে চাই না।
তখন কিছু দূরে পাহাড়ি রাস্তায় আবির্ভূত হল একজন। কে সে?
জাদুশিক্ষা কলেজ
অতঃপর


পোরিটার জাদুতে বারজাক ভাবছে সে চিড়িতনের তাস হয়ে গিয়েছে....
!
!
দারুণ খেলা। কিন্তু আসল বারজাক গেল কোথায়?
ওর দলের মধ্যেই পুতুলের মতো দাঁড়িয়ে। আমি জাদু কাটালে তবেই নড়তে পারবে।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.



পোরিটা, ওদের চুরি করা হিরেগুলো এই থলের মধ্যে আছে।
আমি যথাস্থানে ফেরত দেব এটা।
পর্যটক, শুনলাম তুমি নাকি ৬০০৯ সালে আর ফিরতে চাইছ না?
ঠিকই শুনেছ ম্যানড্রেক। খাবারের বদলে পিল খেয়ে খেয়ে মুখ পচে গিয়েছে।
আমি এই বিশ্বেই থাকতে চাই।
King Features Syndicate, Inc. World rights reserved.



পর্যটক তুমি আইন ভেঙেছ। জানো তো অন্য কালে সফর ওখানে নিষিদ্ধ।
নতুন আইনে কিন্তু বলছে, অনিচ্ছুক ব্যক্তিকে জোর করে ফেরত নিয়ে যাওয়া যাবে না।
জোরাজুরি করাটা আইনবিরুদ্ধ এখন।
রুক্মিণী, সত্যিই কি তাই?
হ্যাঁ।
©2003 by King Features Syndicate, Inc. World rights reserved.


ভবিষ্যকালের দেশের সিকিউরিটি ক্যামেরা মহাবিশ্বের সব গ্রহের ঘটনাবলি অবিরত স্ক্যান করে যাচ্ছে।
ওখানকার হিসাবে তোমরা চারশো বছর পিছিয়ে। এখানে যা ঘটবে তার রেকর্ডও ওখানে আছে।
ওখানের হিসাবে এখানের ব্যাপারটা সঙ্ঘটিত অতীত। তাতে ঢুকলে অপরাধ। কিন্তু আমি তো ইচ্ছে করে দোষ করিনি।
কীসের দোষ?
7-9
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


ওখানকার সিকিউরিটি ক্যামেরা দেখাবে রক্ষিণীর সঙ্গে আমি ফিরছি না। ওকে একা ফিরতে হলে কঠিন শাস্তি।
7-10
বুঝতে পারছ না?
বিনা অনুমতিতে কালান্তরে ভ্রমণ ওখানে গুরুতর অপরাধ। আমার অনুপস্থিতিতেই বিচার হবে। আর...
আমার সাজাটা ভোগ করবে মহাকাশ রক্ষিণী।
?!
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


তুমি না ফিরলে তার দায়ে ও জেল খাটবে?
পর্যটক, এটা তো ঠিক না।
তুমি তো মনস্থির করে ফেলেছ। বেশ, আমি একাই ফিরে যাই।
তখন কাছেই...
যাক, জগদ্দল পাথরটা স্বস্থানেই আছে দেখছি...
7-11
কে এই মানুষটি?
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


জাদু কলেজের ভিতরে...
বারজাক আমাকে এখানে পাহারা দেওয়ার নির্দেশ দিয়ে চলে গেল। কিন্তু তারপর অনেকক্ষণ কেটে গেল। সব চুপচাপ...
7-13
by King Features Syndicate, Inc. World rights reserved.
ওরা সব গেল কোথায়? লুঠ করা হিরের একটা অংশ আমারও প্রাপ্য। আমাকে বঞ্চিত করার জন্যই কি এখানে রেখে গেল আমাকে? ব্যাপারটা কী?
বাইরে...
সব কিছুই তো শান্ত, স্বাভাবিক! যাচ্ছলে!


পর্যটক, তুমি এখানেই থেকে যাবে বলছ। কিন্তু তুমি না ফেরার কারণে বেচারি মহাকাশরুক্মিণী বিনা দোষে জেল খাটবে, এটা ভাবতে ভাল লাগছে না আমার।
কী করব। এখানে নিয়মকানুন বেজায় কড়া।
7-14
আরে! বারজাকরা সবাই পাথরের মূর্তির মতো স্তব্ধ হয়ে দাঁড়িয়ে কেন?
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


বুঝেছি। ওই ব্যাটা জাদুকর কিছু করেছে ওদের, তাই এমন অবস্থা।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
দাঁড়াও, জাদুকরটাকে গুলি করে এদের মুক্ত করব আমি।
7-15
আমার ছোড়াগুলি কখনও লক্ষ্যভ্রষ্ট হয় না।


দস্যু নিশানা স্থির করছে...
ও একটু ঘুরলেই চালাব গুলি।
7-16
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
হঠাৎ...
আরে! গুড়গুড় আওয়াজ কীসের?
ওই বড় পাথরটা সরে যাচ্ছে নিজের থেকেই!


নিজের থেকেই সরে যাচ্ছে পাথরটা!
অর্থাৎ, কেউ সঙ্কেতমন্ত্র উচ্চারণ করছে।
কে?
আর অপেক্ষা নয়। ট্রিগারটা টিপছি এ বার।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
7-17


দস্যু বন্দুকের ট্রিগারটা চাপতে যেতেই অদ্ভুত একটা কাণ্ড ঘটল...
আরে! বন্দুকের পাখনা গজাল কী করে?
!
!
7-14
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
অ্যাঁ! উড়ে গেল বন্দুকটা!
কী ব্যাপার ম্যানড্রেক, আমাকে দেখতে পাওনি?
বাবা!
থেরন ফিরে এসেছেন



©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


আমি ইতিমধ্যেই পুলিশকে খবর দিয়েছি।
তবে তো এখনই এসে পড়বে ওরা।
ততক্ষণ ওদের আর একটু 'শিক্ষা' দিই বরং।
সম্মোহন করল ম্যানড্রেক...
কোথা থেকে চলে এল এক বিশাল ঝাঁটা। তারপরই...
যা নোংরা তোমরা। পুলিশ আসার আগে ঝেঁটিয়ে পরিষ্কার করে দিই তোমাদের।
FALK & FREDERICKS 7-21
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


বারজাকদের ধরে দেওয়ার জন্য অনেক ধন্যবাদ।
এসে পড়ল পুলিশ...
বাবা, আপনার সঙ্গে যারা সম্মেলনে গিয়েছিল তারা কোথায়?
শহরে রয়ে গিয়েছে।
7-22
আসলে টানা কুড়ি মাইল হেঁটে ওরা ক্লান্ত। কাল সকালে এসে যাবে আশা করি।
ওঁর বয়স নাকি চারশো! দেখে কে বলবে?
দারুণ ব্যক্তিত্ব।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


বাবা, এই ভদ্রলোক কালান্তরের পর্যটক। অন্য কালসীমা থেকে এখানে এসে পড়েছেন একেবারেই দুর্ঘটনাক্রমে।
7-23
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
আপনার সঙ্গে পরিচয় হয়ে ভাল লাগল।
!
পর্যটক, তোমার কথা অবশ্য সবই জানি আমি।


বাবা এখানকার গ্র্যান্ডমাস্টার। বয়স চারশো। উনি যথার্থই ত্রিকালজ্ঞ ব্যক্তি।
তুমি জাদু কলেজে ছাত্র না শিক্ষক কী হিসাবে এসেছে জানি না। তবে স্বাগত সব সময়েই।
আর তোমার সঙ্গিনী তো মহাকাশরক্ষিণী। তোমাকে ৬০০৯ সালে ফেরত নিয়ে যেতে এসেছে। তাই তো?
আপনি সত্যিই ত্রিকালজ্ঞ পুরুষ।
7-24
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


মহামান্য থেরন, দস্যুদের মোকাবিলায় অনেক সাহায্য করেছেন এই পর্যটক।
পোরিটা এ জন্য জাদু কলেজ ওঁর কাছে কৃতজ্ঞ।
7-25
তবে পর্যটকের একটা ব্যাপার আমি জানি, যা হয়তো ওর নিজেরও জানা নয়।
?
!
কী সেই ব্যাপার?
by King Features Syndicate, Inc. World rights reserved.


FALK & BARREAUX 7-27
পুলিশ এসে গ্রেফতার করে নিয়ে যাচ্ছে দস্যু বারজাক ও তার সঙ্গীদের...
© 2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
ও দিকে তখন জাদু কলেজে পর্যটককে নিয়ে এক সমস্যা...
মহাকাশরক্ষিণীর সঙ্গে নিজের কালের জগতে ফিরতে নারাজ পর্যটক।
রক্ষিণী প্যাঁচে পড়ে গিয়েছে। পর্যটক, তুমি ফিরেই যাও।
ইচ্ছাই করছে না।


কথা হচ্ছে, ৬০০৯ সালে ফিরলেই সেই খাওয়ার কষ্ট। পিল গিলতে হবে আবার।
কিন্তু তুমি না ফিরলে রক্ষিণী বেচারি যে সাজা পাবে ওখানে।!
7-28
তোমাকে হাতে না পেয়ে রক্ষিণীকেই ওরা শাস্তি দেবে। বিনা দোষে বেচারিকে জেল খাটতে হতে পারে।
একটা মেয়েকে এ ভাবে কষ্ট দেবে পর্যটক?
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


পর্যটক, তুমি কালান্তরে পাড়ি দিয়ে কাজটা ভাল করোনি।
হ্যাঁ, অন্য কালসীমায় অনুপ্রবেশ করলে শাস্তি পেতেই হয়।
7-29
পর্যটক, তোমার সম্পর্কে একটা কথা আমি জানি। এ বার সেটা তোমাকে বলেই ফেলি।
?
তোমার বাবা কী বলতে চান ম্যানড্রেক?
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


পর্যটক, তুমি কালান্তরে পাড়ি দিয়ে কাজটা ভাল করোনি।
হ্যাঁ, অন্য কালসীমায় অনুপ্রবেশ করলে শাস্তি পেতেই হয়।
7-29
পর্যটক, তোমার সম্পর্কে একটা কথা আমি জানি। এ বার সেটা তোমাকে বলেই ফেলি।
?
তোমার বাবা কী বলতে চান ম্যানড্রেক?
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


পর্যটক, তুমি আদতে একজন ভদ্রলোক, তাই তো?
কোনও ভদ্রলোক কী চায়, তার জন্য বিনা দোষে একটি মেয়ে জেল খাটুক? বলো?
7-30
বলো পর্যটক?
না। মহামান্য পেরন, আপনি একদম ঠিক কথাই বলেছেন।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


রক্ষিণী, শর্ট সার্কিট ঘটিয়ে ম্যানড্রেককে তুমিই কিন্তু বাঁচিয়েছ।
না না। সবটাই পূর্ব সঙ্ঘটিত। আমি আবার কী করলাম!
রক্ষিণী, আমি তোমার সঙ্গেই ফিরে যাব ৬০০৯ সালে।


নৈশভোজের আগেই পৌঁছে যাব আশা করি।
উফ্। ফের সেই অখাদ্য পিল গেলা।
7-31
বিদায় বন্ধু।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


আলোর ঝলকানি... চলে গেল রক্ষিণী ও পর্যটক...
মন বলছে, ওর সঙ্গে আবার দেখা হবে।
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.
মহামান্য পেরন, জাদু কলেজে স্বাগত জানাচ্ছি।
বক্তৃতা কেমন হল কিলো?
মন্দ হয়নি। তবে আপনি থাকলে আরও ভাল হত।
এর পর নতুন গল্প